গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৯০ তারিখঃ ০৯-০৮-২০২০ খ্রিঃ

**বিষয়ঃ ত্রাণ কার্য (চাল), ত্রাণ কার্য (নগদ), শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ এবং গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দ।**

সাম্প্রতিক অতি বর্ষণ জনিত কারণে সৃষ্ট বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের নিমিত্ত নিম্নের ১৪টি জেলার পার্শ্বে উল্লিখিত পরিমাণ ত্রাণ কার্য (চাল), ত্রাণ কার্য (নগদ), শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ এবং গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ নিম্নবর্ণিত শর্তে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দের জন্য তাঁর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলোঃ

| ক্র.নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমাণ (মেঃ টন) | ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমাণ (টাকা) | শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা) | গো-খাদ্য ক্রয় বাবদ অর্থ বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১। | লালমনিরহাট | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ২। | কুড়িগ্রাম | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ৩। | গাইবান্ধা | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ৪। | বগুড়া | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ৫। | জামালপুর | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ৬। | টাংগাইল | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ৭। | সিরাজগঞ্জ | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ৮। | মানিকগঞ্জ | ২০০ (দুই শত) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ৯। | মুন্সিগঞ্জ | ২০০ (দুই শত) | ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ১০। | ফরিদপুর | ২০০ (দুই শত) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ১১। | রাজবাড়ী | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ১২। | মাদারীপুর | ২০০ (দুই শত) | - | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ১৩। | শরীয়তপুর | ২০০ (দুই শত) | ২,০০,০০০/- (দুই লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| ১৪। | চাঁদপুর | ২০০ (দুই শত) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| | মোট= | ২,৮০০ (দুই হাজার আটশত) | ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) | ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) | ৪২,০০,০০০/- (বিয়াল্লিশ লক্ষ) |

অঃপৃঃদ্রঃ/২

**শর্তাবলীঃ**

(ক) বরাদ্দকৃত ত্রাণ কার্য (চাল) এবং ত্রাণ কার্য (নগদ) শুমুমাত্র আপদকালীন সময়ে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণ করতে হবে;

(খ) প্রাকৃতিক দুর্যোগ ব্যতিত অন্য কোন কাজে এ বরাদ্দ বিতরণ করা যাবে না;

(গ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক এ বরাদ্দ বিতরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করতে হবে;

(ঘ) গো-খাদ্য ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮সহ সংশ্লিষ্ট সকল বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(ঙ) গো-খাদ্য হিসেবে বিভিন্ন প্রকার ভূষি, খৈল, চালের কুড়া, চিটা গুঁড়, খড়, মানসম্পত রেডিমেইড ফুড ইত্যাদি খাদ্যদ্রব্য স্থানীয়ভাবে ক্রয় করে বিতরণ করতে হবে;

(চ) জি টু জি পদ্ধতিতে ক্রয়পূর্বক মিল্ক ভিটার উৎপাদিত গুণগতমানের পুষ্টিসমৃদ্ধ দানাদার গো-খাদ্য চলমান ত্রাণ কার্যে অন্তর্ভূক্ত করতে হবে;

(ছ) শিশু খাদ্য ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮-সহ সংশ্লিষ্ট সকল বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(জ) শিশু খাদ্য হিসেবে খেজুর, বিস্কুট, ফর্টিফাইড তৈল, ব্রাউন চিনি, সুজি, মশুরির ডাল, সাগু, ফর্টিফাইড চাল, ওয়াটার পিউরিফাইড ট্যাবলেট, বাদাম, মানসম্মত রেডিমেট ফুড ইত্যাদি খাদ্যদ্রব্য স্থানীয়ভাবে ক্রয় করে বিতরণ করতে হবে;

(ঝ) বরাদ্দকৃত অর্থ বর্ণিত ক্রয় ব্যতিত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না;

(ঞ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ আরোপিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক ছাড়কৃত অর্থে গো-খাদ্য ও শিশু খাদ্য ক্রয়পূর্বক বিতরণ করবেন এবং নিরাক্ষার জন্য হিসাব সংরক্ষণ করবেন;

(ট) প্রতি মাসে ব্যয় বিবরণী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২। মঞ্জুরীকৃত ত্রাণ কার্য (চাল)-এর ব্যয় চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২২১০১-ত্রাণ কার্য (চাল) খাত হতে; ত্রাণ কার্য (নগদ) অর্থের ব্যয় ১৪৯০১০১-১২০০০১৯১৭-রিলিফ অপারেশন রিহ্যাবিলিটেশন (বন্যা)-৩৭২১১০১-ত্রাণ কার্য (নগদ) খাত হতে; গো-খাদ্যের ব্যয় ১৪৯০১০১-১২০০০১৯১৬-৩৭২১১১০-গো-খাদ্য খাত হতে এবং শিশু খাদ্যের ব্যয় ১৪৯০১০১-১২০০০১৯১৬-৩৭২১১০৯-শিশু খাদ্য খাত নির্বাহ করা হবে।

স্বাক্ষরিত/-
( মোঃ শাহজাহান )
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৪৫৮৬৯
sasr1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

অঃপৃঃদ্রঃ/৩

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২৯০/১(৪০) তারিখঃ ০৯-০৮-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আবদুল গণি রোড, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার, রংপুর/ ময়মনসিংহ/ রাজশাহী/ ঢাকা/ চট্টগ্রাম।
৯। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১০। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১১। জেলা প্রশাসক, লালমনিরহাট/ কুড়িগ্রাম/ গাইবান্ধা/ বগুড়া/ জামালপুর/ টাংগাইল/ সিরাজগঞ্জ/ মানিকগঞ্জ/ মুন্সিগঞ্জ/ ফরিদপুর/ রাজবাড়ী/ মাদারীপুর/ শরীয়তপুর/ চাঁদপুর।
১২। উপসচিব (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরী আদেশটি সংশ্লিষ্টদের বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের অনুরোধসহ)।
১৩। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৫। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আবদুল গণি রোড, ঢাকা।
১৭। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
১৮। জনাব নিতাই চন্দ্র দে সরকার, উপ-পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৯। সিনিয়র তথ্য কর্মকর্তা (পিআরও), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

( মোঃ শাহজাহান )
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)।